



জাতিকে দিল্লির ক্রীতদাস বানাতে দেবে না জনগণ: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশের জনগণ কোনোভাবেই বাংলাদেশকে অন্যের প্রভাবাধীন রাষ্ট্রে পরিণত হতে দেবে না বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (২৩ জুন) সকালে রাজধানীর পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আয়োজিত এক প্রতিবাদ মিছিল শেষে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, “ফ্যাসিবাদ আবার উঁকি দিচ্ছে, যারা মানুষের স্বাধীনতা কেড়ে নিয়েছিল, কথা বলার অধিকার কেড়ে নিয়েছিল, জেল-জুলুম অত্যাচার করে বাড়িতে বাড়িতে পুলিশ পাঠিয়ে নির্যাতন করেছে, তারা পচা পানা থেকে উঁকি দিচ্ছে।” তিনি আরও বলেন, “গত ১৭ বছরে অসংখ্য নেতাকর্মী জেল-জুলুমের স্বীকার হয়েছে, গুম হয়েছে। জনগণ এসব আর দেখতে চায় না।” দেশের সার্বভৌমত্ব নিয়ে কোনো ধরনের আপস করা হবে না উল্লেখ করে রিজভী বলেন, “দেশকে অস্থিতিশীল করার জন্য বিভিন্নভাবে চেষ্টা করা হচ্ছে। দেশবিরোধী, দেশের সার্বভৌমত্ব বিরোধী বক্তব্য দেয়া হচ্ছে। এত সাহস পেলেন কিভাবে? এই জাতিকে গোলাম বানাবেন? দিল্লির ক্রীতদাস বানাবেন? জনগণ তা হতে দেবে না।”